গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

## অফিস আদেশ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯৪.২০১৯ (অংশ-১)/২৪৮১/৭ তারিখ: ৭ /১২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০১৮(অংশ-১)-৩৩; তারিখ: ১৪/১০/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ফাতেমা মতিন মহিলা কলেজের ইসলামিক স্টাডিজ বিষয়ের প্রভাষক জনাব মোঃ ইকবাল হোসেন-এর যোগদানের তারিখ হতে বেতন-ভাতা প্রদানের বিষয়টি যাচাইবাছাইপূর্বক বর্ণিত বিষয়ে মতামত প্রদানের জন্য সূত্রোক্ত পত্র মোতাবেক অনুরোধ করেন।

জনাব মো: ইকবাল হোসেন, প্রভাষক (ইসলামিক স্টাডিজ), ইনডেক্স নং-২৬৭৬৪৫, ২১/০৬/২০০৬ তারিখে ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়ে যোগদান করেন। ০১/০৭/২০১৮ তারিখে এমপিওভুক্ত হন। তিনি পূর্বে দাখিল মাদ্রাসায় কর্মরত ছিলেন। একই ইনডেক্সে বর্তমান প্রতিষ্ঠানে কর্মরত আছেন। তিনি এমপিওভুক্তির পূর্ব পর্যন্ত অর্থাৎ ২১/০৬/২০০৬ হতে এপ্রিল/২০১৮ পর্যন্ত বকেয়ার জন্য আবেদন করেন।

জনাব মো: ইকবাল হোসেন, প্রভাষক (ইসলামিক স্টাডিজ)-এর প্রার্থিত সময়ের বকেয়া প্রদানের জন্য তাঁর নিয়োগ প্রক্রিয়া সঠিকতা এবং বকেয়া বেতন-ভাতা প্রাপ্যতা বিষয়ে তদন্ত প্রয়োজন।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক জনাব মো: ইকবাল হোসেন, প্রভাষক (ইসলামিক স্টাডিজ)-এর প্রার্থিত সময়ের বকেয়া প্রদানের জন্য তাঁর নিয়োগ প্রক্রিয়া সঠিকতা এবং বকেয়া বেতন-ভাতা প্রাপ্যতা বিষয়ে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

**স্বাক্ষরিত/-**
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৪

**তদন্ত কর্মকর্তা:**

০১। উপপরিচালক (কলেজ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯৪.২০১৯ (অংশ-১)/ তারিখ: /১২/২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল;
৩. সভাপতি, পরিচালনা পরিষদ, ফাতেমা মতিন মহিলা কলেজ, চরফ্যাশন, ভোলা;
৪. জেলা শিক্ষা অফিসার, ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ);
৫. অধ্যক্ষ, ফাতেমা মতিন মহিলা কলেজ, চরফ্যাশন, ভোলা; (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন. ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ);
৭. মো: ইকবাল হোসেন, প্রভাষক (ইসলামিক স্টাডিজ), ফাতেমা মতিন মহিলা কলেজ, চরফ্যাশন, ভোলা; (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. সংরক্ষণ নথি।

8.12.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

C:/Bhola. Later/(73)/

## তাগিদ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

### অফিস আদেশ

স্মারক নং-৭জি-২৭০(ক-৩)/২০০৭/ তারিখ : /১২/২০২০খ্রি.

বিষয়ঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ।

সূত্রঃ ১. স্মারক নং-০৪.০১.১৯০০.৬২৫.২৬.০১০.১৮-২৮৬৫৮; তারিখ: ১৬/০৯/২০১৮খ্রি.
২. মাউশি স্মারক নং-৭জি-২৭০ (ক-৩)/২০০৭/৪৫২৮/৮, তারিখ: ২১/১০/২০১৮ খ্রি.
৩. দুদক এর স্মারক নং-০০.০১.০০০০.৫০৩..২৬ (১ম অংশ).০৮২.২০-১৪৪০২, তারিখ: ২৩/৭/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, জনাব আবদুর রহিম দুর্নীতি দমন কমিশনে একটি অভিযোগ করেন। রহমানিয়া চির সবুজ উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ মোহাম্মদ আবুল খায়ের (ইনডেক্স নম্বর-৩০১২০৩) এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

**অভিযোগঃ** কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন রহমানিয়া চির সবুজ উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ বিনা রেজুলেশনে ০১/০৬/২০১৭খ্রি. তারিখে যোগদান করে ১৯/০৬/২০১৭ খ্রি. তারিখে প্রাতিষ্ঠানিক ভাতা ১০,৫০০/- এবং বোনাস ১০,৫০০/-টাকা গ্রহণ করেছেন মর্মে জনাব রহিম দুর্নীতি দমন কমিশনে অভিযোগ দাখিল করেন। অভিযোগ পত্রে আরো উল্লেখ করা হয়, তিনি (অধ্যক্ষ) সহকারী শিক্ষকের সহযোগিতায় বিভিন্ন মানহীন বই পাঠ্য সুচিতে অন্তর্ভুক্ত করে ৩,০০,০০০/-টাকা আত্মসাৎ করেছেন। এছাড়া তার বিরুদ্ধে একজন সহকারী অধ্যাপক বিলকিস আরা বেগম এর সরকারি বেতন উত্তোলন করে ভোগ করাসহ ছাত্র-ছাত্রীদের কাছ থেকে পরীক্ষার ফি বাবদ অতিরিক্ত টাকা উত্তোলন এবং কলেজ ফান্ডের টাকা আত্মসাৎসহ নানা অনিয়মের অভিযোগ রয়েছে।

উক্ত কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগ সরেজমিনে তদন্তপূর্বক পত্র প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে অত্র অধিদপ্তরে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হয় কিন্তু বর্ণিত বিষয়ে তদন্ত কর্মমর্তা প্রতিবেদন দাখিল করেন নাই। বর্তমান একই বিষয়ে জনাব আবদুর রাজ্জাক দুর্নীতি দমন কমিশন বরাবর অভিযোগ দাখিল করলে সূত্রোক্ত ৩ নং স্মারক মোতাবেক বর্নিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।
এমতাবস্থায়, কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন রহমানিয়া চির সবুজ উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ এর বিরুদ্ধে আনীত অফিযোগ সরেজমিনে তদন্তপূর্বক পত্র প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে অত্র অধিদপ্তরে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০১। তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

**স্বাক্ষরিত/-**
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৪

**তদন্ত কর্মকর্তা:**
১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা ।
২। সহকারী পরিচালক (কলেজ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা ।

স্মারক নং-৭জি-২৭০(ক-৩)/২০০৭/ ১৫২৫/৮ তারিখ : ২০/১২/২০২০ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সভাপতি, পরিচালনা পরিষদ, রহমানীয়া চির সবুজ উচ্চ বিদ্যালয় ও কলেজ, লাকসাম, কুমিল্লা।
২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, কুমিল্লা।
৩. অধ্যক্ষ, রহমানীয়া চির সবুজ উচ্চ বিদ্যালয় ও কলেজ, লাকসাম, কুমিল্লা। (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ)।
৪. জেলা শিক্ষা অফিসার, কুমি কুমিল্লা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , লাকসাম, কুমিল্লা।
৬. জনাব আবদুর রহিম, গ্রাম:বড় বিজরা, ডাকঘর: বিজরা বাজার, উপজেলা: লাকসাম, জেলা: কুমিল্লা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ)।
৭. পি.এ.টু মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮. সংরক্ষণ নথি।

20.12.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭